দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 5 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

## এমপিওভুক্তির আবেদন

বগুড়া জেলার জাহাঙ্গীরাবাদস্থ ক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল চলতি বৎসরেও এমপিওভুক্ত হয় নাই। এমপিওভুক্তির জন্য যে সমস্ত যোগ্যতার প্রয়োজন তাহার সবগুলির প্রমাণপত্র এবং স্থানীয় এমপি-র ডি,ও লেটারসহ দরখাস্ত ১৭/৮/৯৮ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেওয়া হইয়াছিল। যে বিদ্যালয়ের গত কয়েক বৎসরের এস,এস,পি পরীক্ষার সাফল্য ১০০% এবং যে বিদ্যালয় হইতে ছাত্র-ছাত্রী এস,এস,সি,পরীক্ষায় স্ট্যান্ড করে, সেই বিদ্যালয়কে বাদ দিয়া নামসর্বস্ব অনেক বিদ্যালয়কে এমপিওভুক্ত করা হইয়াছে। উল্লেখ করা প্রয়োজন যে, অত্র বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮০০% শিক্ষক ও কর্মচারী মিলাইয়া ২৫ জন রহিয়াছেন। শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত এই বিদ্যালয়ের পরিচালনা কমিটিও শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত। বিদ্যালয়টির ১৫১৮৫ বর্গফুট বিশিষ্ট পাকা দোতলা ভবনে রহিয়াছে ১৭টি শ্রেণী কক্ষ যেগুলি চেয়ার-বেঞ্চ, ফ্যান-লাইট ও সর্বাধুনিক ইকুইপমেন্ট দ্বারা সজ্জিত। এইরূপ একটি বিদ্যালয় এমপিওভুক্ত না হওয়ায় এখানকার শিক্ষকবৃন্দ অত্যন্ত হতাশ হইয়া পড়িয়াছেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষক-শিক্ষিকাদের ৮০% বেতন বন্ধ করিয়া দিবেন বলিয়া নির্দেশ দিয়াছেন। এমতাবস্থায়, সার্বিক অবস্থা বিবেচনা করিয়া অত্র বিদ্যালয়টিকে অনতিবিলম্বে এমপিওভুক্ত করিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন জানাইতেছি।

আবুল কালাম আজাদ,
প্রধান শিক্ষক,
ক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল,
জাহাঙ্গীরাবাদ,
বগুড়া ক্যান্টনমেন্ট, বগুড়া।